

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১১১

১১/ কাফফারাসমুহ (আ্) এই। ্। ১১/

পরিচ্ছেদঃ ১১/৮. যারা বলে, মন্দ বিষয়ে শপথের কাক্ষারা হলো কাজটি বর্জন করা।

بَابِ مَنْ قَالَ كَفَّارَتُهَا تَرْكُهَا

### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْمُؤْمِنِ الْوَاسِطِيُّ، حَدَّثَنَا عَوْنُ بْنُ عُمَارَةَ، حَدَّثَنَا رَوْحُ بْنُ الْقَاسِمِ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، . أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " مَنْ حَلَفَ عَلَى يَمِينٍ فَرَأَى غَيْرَهَا خَيْرًا مِنْهَا فَلْيَتْرُكُهَا فَإِنَّ تَرْكَهَا كَفَّارَةُهَا كَفَّارَتُهَا " .

#### বাংলা

২/২১১১। 'আবদুল্লাহ্ বিন আমর শুআইব (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কোন ব্যক্তি কোন বিষয়ে শপথ করার পর তার বিপরীতে কল্যাণ লক্ষ্য করলে সে যেন তার শপথ ত্যাগ করে। তার শপথ ত্যাগ করাই তার শপথ ভঙ্গের কাফ্ফারা।

## **English**

It was narrated from 'Amr bin Shu'aib, from his father, that his grandfather said that the Prophet (ﷺ) said:

"Whoever swears an oath then sees that something else is better than it, let him not do it, and his leaving it is the expiation for it. "

### ফুটনোট

আবূ দাউদ ৩২৭৪, ইরওয়াহ ৭.১৬৮, যঈফাহ ১৩৬৫।

তাহকীক আলবানীঃ মুনকার। উক্ত হাদিসের রাবী আওন বিন উমারাহ সম্পর্কে আবু বকর আল-বায়হাকী ও আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। যাকারিয়্যা বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অমনোযোগী ও সন্দেহ করেন। ইমাম যাহাবী তাকে দুর্বল বলেছেন। ইবনু হাজার আল-আসকালানী



বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৫৫৪, ২২/৪৬১ নং পৃষ্ঠা)

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন